ঢাকা ওয়াসা

Name of the Work: Repair and maintenance of 2(Two) nos Computer and 2(Two) nos Printer of office section of Store Division, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। ভান্ডার বিভাগে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদেরকে এস.আর.আই.এন., গেট পাশ, রিকুইজিশন তৈরি ও বিভিন্ন সময়ে মজুদ মালামালের স্টক বিবরণী ইত্যাদি কার্যক্রম অনলাইনের মাধ্যমে করতে হয়। এছাড়া ডি-নথি, ই-জিপি, পেপারলেস বিল, অডিট রিপোর্টসহ ইত্যাদি কার্যক্রম ও অনলাইনের মাধ্যমে করতে হয়। এসব কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে অত্র বিভাগের অফিস সেকশনের কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটরের দাপ্তরিক কাজে ব্যবহৃত ২(দুই) টি কম্পিউটার ও ২(দুই) টি প্রিন্টারের জন্য কিছু এক্সেসরিজ সংগ্রহ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১

উপরোক্ত বর্ণনার আলোকে "Repair and maintenance of 2(Two) nos Computer and 2(Two) nos Printer of office section of Store Division, Dhaka WASA" কাজের জন্য বর্তমান বাজার দরের (সংযুক্তি-২) ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৩) প্রস্তুত করা হয়েছে। যাতে মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ হয়েছে ২৪,১০০.০০ (চব্বিশ হাজার এক শত) টাকা মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট বরাদ্দের "কম্পিউটার মেইনটেন্যান্স" খাত (কোড: ০১-০২-০২৩) হতে নির্বাহ করা হবে। কাজটি অতি জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তি-১	২০২৫-২৬ অর্থ বছরের অত্র বিভাগের অনুকূলে বাজেট বরাদ্দের কপি।
সংযুক্তি-২	বর্তমান বাজার দর।
সংযুক্তি-৩	প্রাক্কলন।
সংযুক্তি-৪	প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২

এমতাবস্থায়, "Repair and maintenance of 2(Two) nos Computer and 2(Two) nos Printer of office section of Store Division, Dhaka WASA" শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ২৪,১০০.০০ (চব্বিশ হাজার এক শত) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

MD. RAIHAN ALI
Sub-Assistant Engineer
Store Division, Dhaka WASA.

PAUL SARKER
Assistant Engineer
Store Division, Dhaka WASA

মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (অঃ দাঃ)
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা।

মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।